

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫৩১

পরিচ্ছেদঃ খুৎবার পূর্বে ঈদের সালাত আদায় করা।

باب مَا جَاءَ فِي صَلاَةِ الْعِيدَيْنِ قَبْلَ الْخُطْبَةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُتَنَّى، حَدَّثَنَا أَبُو أُسَامَة، عَنْ عُبَيْدِ اللَّهِ، هُوَ ابْنُ عُمَرَ بْنِ حَفْصِ بْنِ عَاصِمِ بْنِ عُمَرَ بْنِ الْخَطَّابِ عَنْ نَافِعٍ، عَنِ ابْنِ عُمَرَ، قَالَ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَأَبُو بَكْرٍ وَعُمَرُ يُصِلُونَ فِي الْعِيدَيْنِ قَبْلَ الْخُطْبَةِ ثُمَّ يَخْطُبُونَ . قَالَ وَفِي الْبَابِ عَنْ جَابِرٍ وَابْنِ عَبَّاسٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ ابْنِ عُمَرَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ أَنَّ صَلَاةَ الْعِيدَيْنِ قَبْلَ الْحُطْبَةِ . وَيُقَالُ إِنَّ أَوْلَ مَنْ خَطَبَ قَبْلَ الصَّلَاةِ مَرْوَانُ بْنُ الْحَكَمِ .

বাংলা

৫৩১. মুহাম্মাদ ইবনুল মূসান্না (রহঃ) ইবনু উমর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি বলেনঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আবূ বকর ও উমর রাদিয়াল্লাহু আনহুমা খুৎবার পূর্বে ঈদের সালাত (নামায/নামাজ) আদায় করতেন, পরে খুতবা দিতেন। - ইবনু মাজাহ ১২৭৬, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৫৩১ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে জাবির ও ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ ইবনু উমর বর্ণিত হাদীসটি হাসান-সহীহ। সাহাবী ও পরবর্তী যুগের আলিমগণ এই হাদীসের মর্মানুসারে আমল করেছেন। তারা বলেনঃ খুতবার পূর্বেই ঈদের সালাত আদায় করতে হবে। বলা হয় মারওয়ান ইবনুল হাকামই সর্বপ্রথম (ঈদের) সালাতের পূর্বে খুতবা দেয়। - মুসলিম।

English

Ibn Umar narrated:

"Allah's Messenger, Abu Bakr, and Umar would pray during the two Eid



before the Khutbah, then they would give the Khutbah."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউল্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন